সংযুক্তি - ২.১.১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রণালয়/বিভাগের নাম: অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

**সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)**

## বিষয়: ইত:পূর্বে উদ্ভাবিত/ সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের তালিকা

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্র: নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ০১ | টেলিমেডিসিন এর মাধ্যমে উপকারভোগীর দোরগোড়ায় স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণ<br><br>তারিখ: ১৯/০৯/২০২৩ | • প্রত্যন্ত অঞ্চলে চিকিৎসা সেবা বঞ্চিত জনগোষ্ঠীর বিশেষত: নারী ও শিশুদের কাছে দ্রুততম সময়ে সেবা পৌছে দেয়া;<br>• দরিদ্র জনগোষ্ঠীর অর্থ ও সময়ের সাশ্রয়;<br>• স্বাস্থ্য" সেবাজনিত প্রতারণার প্রবণতা ও ঝুঁকি হ্রাসকরণ;<br>• অপচিকিৎসার হার হ্রাসকরণ;<br>• জরুরী প্রয়োজনে চিকিৎসা বিষয়ক পরামর্শ প্রদান; এবং<br>• সরকারি স্বাস্থ্য" সেবা গ্রহণে উদ্বুদ্ধকরণ। | সেবাটির পাইলটিং শেষ হয়েছে এবং কর্ম এলাকায় সম্প্রসারণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। | চালুকৃত এলাকায় সুফলভোগীরা প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন। | https://sdfbd.org/file/Innovation%20Corner/2024/SDF-%20Database%20of%20innovative%20ideas.pdf | |
| ০২ | Geo-Enabling Initiative for Monitoring & Supervision (GEMS) এর মাধ্যমে প্রকল্পের আওতাভুক্ত ৩২০০ গ্রামের বিভিন্ন নির্দেশকের বিপরীতে অগ্রগতি ও গ্রেডিং নির্ধারণ করা।<br>তারিখ: ২০/১১/২০২৩ | • প্রত্যন্ত অঞ্চল থেকে রিয়েলটাইম টাইম ডাটা ক্যাপ্টার (ছবি সহ) এবং মনিটরিং করা যায়।<br>• সহজে ক্যালকুলেশন করা যায় এবং বিভিন্ন গ্রাফিক্যালে উপস্থাপন করা যায়।<br>• Free of cost- এ এটি ব্যবহার করা যায়।<br>• স্মার্ট ফোনের মাধ্যমে সহজে এবং স্বল্প সময়ে ডাটা ক্যাপ্টার করা যায়।<br>• সহজেই GEO location (latitude and longitude) ট্র্যাকিংয়ের মাধ্যমে তাৎক্ষণিক টিমের | সেবাটি কার্যকর ও চলমান রয়েছে। | প্রত্যাশিত ফলাফল পাওয়া যাচ্ছে। | https://kf.kobotoolbox.org/accounts/login/ | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্র: নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| | | অবস্থান জানা যায়।<br>• ইন্টারনেট পরিসেবা ছাড়া ডাটা ক্যাপ্টার এবং ইন্টারনেট সংযোগের সাথে সাথেই ডাটা সার্ভারে জমা হয়।<br>• প্রতিবেদন প্রনয়নে বিলম্ব অনেকাংশ কমে যায় ।<br>• অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিৎ হয়।<br>• অর্থ ও সময়ের সাশ্রয় হয়।<br>• বাংলা এবং ইংলিশ এ দুই ভার্সনে প্রশ্নপত্র করা যায়। | | | | |
| ০৩ | প্রান্তিক পর্যায়ে উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য অনলাইন/ডিজিটাল পদ্ধতি ব্যবহার করে ভোক্তাদের নিকট পৌছে দেওয়া।<br><br>তারিখ: ২৫/০১/২০২৪ | • অনলাইন/ডিজিটাল পদ্ধতি ব্যবহারের ফলে সময়, খরচ কমবে।<br>• গতানুগতিক ব্যবস্থার তুলনায় লাভ বেশি হবে। ব্যবসায়ীর<br>• মধ্যস্বত্বভোগীর সংখ্যা কমবে।<br>• উৎপাদনকারীর লাভ বেশি হবে।<br>• ভোক্তরা খুব সহজে পন্য ক্রয় করতে পারবে। | সেবাটি কার্যকর ও চলমান রয়েছে। | প্রত্যাশিত ফলাফল পাওয়া যাচ্ছে। | https://www.facebook.com/profile.php?id=61557363426476&mibextid=ZbWKwL | |
| ০৪ | এসডিএফ কর্মকর্তা-কর্মচারিদের চাকরি শেষে পাওনা প্রদান সহজীকরণ।<br><br>তারিখ: ১৩/০৪/২০২৩ | এসডিএফ এর কর্মকর্তা ও কর্মচারিগণ চাকরি হতে অবসর গ্রহণ, সংস্থা কর্তৃক চাকরি হতে অব্যাহতি প্রদান/অপসারণ ও চাকরি হতে পদত্যাগের পর তাদের পাওনাদি দ্রুততম সময়ে পরিশোধের লক্ষ্যে চলমান সেবাটি সহজিকরণ করা হয়েছে। এর ফলে সময় সাশ্রয় হচ্ছে এবং সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারিগণ তাঁদের স্ব স্ব ব্যাংক একাউন্টে নিজ এলাকায় অবস্থান করে পাওনাদি গ্রহণ করতে সক্ষম হচ্ছেন। | সেবাটি কার্যকর ও চলমান রয়েছে। | এসডিএফ এর সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারিগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন। | https://www.sdfbd.org/index.php?id=261 | চলতি অর্থবছরে সেবাটি ডিজিটাইজ করার প্রক্রিয়া চলমান রয়েছে । |
| ০৫ | বিশুদ্ধ পানির অভাবজনিত এলাকায় কমিউনিটি ব্যবস্থাপনায় পানি বিশুদ্ধকরণ প্ল্যান্ট স্থাপন ও সুলভ মূল্যে সরবরাহকরণ। | এসডিএফ-এর এনজেএলআইপি-এর আওতাভুক্ত ৫টি জেলার (বাগেরহাট, সাতক্ষীরা, খুলনা, কুমিল্লা ও সিলেট) ৪৩১ টি গ্রামে ভূগর্ভস্থ পানিতে আর্সেনিক, আয়রন ও ম্যাঙ্গানিজ থাকায় সুপেয় বিশুদ্ধ পানির প্ল্যান্ট স্থাপন করা হয়েছে । উপকারভোগীগণের মধ্যে আর্সেনিক ও আয়রণমুক্ত বিশুদ্ধ খাবার পানি নিশ্চিতকরার | আইডিয়াটি কার্যকর ও চালু আছে। | চালুকৃত এলাকায় সুফলভোগীরা প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন। | https://sdfbd.org/file/Innovation%20C | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্র: নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| | তারিখ: ১২/০২/২০১৮ | লক্ষ্যে সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) এর অর্থায়নে এবং বিভিন্ন বেসরকারি সংস্থার এর কারিগরী সহায়তায় পানি বিশুদ্ধকরণ প্লান্ট স্থাপন করা হয়েছে। এসডিএফ কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের আওতায় গঠিত গ্রাম সমিতির যৌথ উদ্যোগে গঠিত প্লান্ট বাস্তবায়ন, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ এবং উপকারভোগীদের অংশগ্রহণে গঠিত কমিটি প্লান্টটি বাস্তবায়ন করছে। উক্ত কমিটি প্লান্টটি পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করছে। প্লান্টটির মাধ্যমে পানিতে থাকা আর্সেনিক, লবণ, আয়রন ও ম্যাংগানিজ দূরীকরণের মাধ্যমে বিশুদ্ধ পানি সরবরাহ করা সম্ভব হচ্ছে। ফলে, উক্ত এলাকার পানিবাহিত রোগের প্রাদুর্ভাব কমে গেছে। | | | orner/Innovation%20Database.pdf | |
| ০৬ | এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে যুব কর্মসংস্থান সৃষ্টি ও ব্যাংকিং সেবা সহজীকরণ<br><br>তারিখ: ০১/১১/২০২১ | গ্রামীণ ও ইউনিয়ন পর্যায়ের দরিদ্র ও অতিদরিদ্র মানুষ বিশেষত গ্রামের নারীগণ দৈনন্দিন ব্যাংকিং সেবা ও সুবিধা হতে বঞ্চিত। তাছাড়া, উপজেলা পর্যায়ে ব্যাংকের শাখাসমুহে গ্রাহকের চাপ ও চাহিদা বেশি থাকায় পিছিয়ে পড়া নারীগণ ব্যাংকিং সুবিধা পেতে তাদের অনেক কষ্ট ও জটিলতার সম্মূখীন হতে হয়। পক্ষান্তরে, এজেন্ট ব্যাংকিং সেবা চালু করার ফলে সকল ধরেণের প্রাপ্ত বয়স্ক গ্রাহক বিশেষ করে নারীগণ তাদের গ্রামের বাজার হতে ব্যাংকিং সেবা গ্রহণ করছেন। উল্লেখ্য যে, এসডিএফ গ্রামীণ দরিদ্র ও অতিদরিদ্র জনগোষ্টির জীবনমান উন্নয়নের লক্ষ্যে নিরলসভাবে কাজ করছে। এনজেএলআইপি প্রকল্পের মাধ্যমে অতিদরিদ্র ও দরিদ্র পরিবারের যুবদের সচেতনতা বৃদ্ধি ও কারিগরি দক্ষতা উন্নয়নের মাধমে যুবদের আত্নকর্মসংস্থান সৃষ্টি করছে। এ লক্ষ্যে যুবদের কর্মসংস্থান, ঋণ প্রদান, ব্যবসা-প্রতিষ্ঠান স্থাপনে সহায়তা, অভিজ্ঞতা বিনিময় সফর আয়োজন, আর্থিক প্রতিষ্ঠানের সাথে সংযোগ স্থাপনসহ নিয়মিত পরিদর্শন ও ফলোআপ সহায়তা করছে। যুবদের নিয়ে আয় বর্ধনমূলক কার্যক্রমের আওতায় উৎসাহী ও উদ্যোমী যুবদেরকে চিহ্নিত করে তাদের প্রয়োজনীয় দক্ষতা বৃদ্ধির মাধ্যমে "উদ্যোক্তা" উন্নয়নে এজেন্ট ব্যাংকিং পেশায় নিয়োজিত করে গ্রামীণ পর্যায়ে ব্যাংকিং সেবা সহজীকরণ | আইডিয়াটি কার্যকর ও চালু আছে। | চালুকৃত এলাকায় সুফলভোগীরা প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন। | https://abanking.abbl.com/ | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্র: নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| | | করাই এ কার্যক্রমের মূল লক্ষ্য। উপরোক্ত বর্ণিত কাযক্রমের মেসার্স সাহা এন্টারপ্রাইজই (ডাচ বাংলা এজেন্ট ব্যাংকিং) হলো এ পাইলট কাযক্রমের সফলতার বাস্তব ও উৎকৃষ্ট উদাহরণ। | | | | |
| ০৭ | লোন ম্যানেজমেন্ট সিষ্টেম (এলএমএস) এর মাধ্যমে আর্থিক লেনদেন তথ্যের সুষ্ঠু ব্যবস্থাপনা।<br><br>তারিখ: ০১/০৪/২০১৮ | **লোন ম্যানেজমেন্ট সিষ্টেম (এলএমএস ) বাস্তবায়ন:** সরকার ঘোষিত 'ডিজিটাল বাংলাদেশ' গঠনে এসডিএফ যথাযথ ভূমিকা রাখছে। এসডিএফ এর প্রকল্পভুক্ত গ্রাম পর্যায়ে বাস্তবায়নাধীন কর্মসূচিসমূহ মনিটরিং, ভৌত অগ্রগতি এবং আর্থিক লেনদেনসমূহ নিয়মতান্ত্রিক ও সুষ্ঠুভাবে ব্যবস্থাপনার জন্য ওয়েব ভিত্তিক সফ্টওয়্যার ব্যবহারের মাধ্যমে সদস্যদের মাঝে ঋণ প্রদান এবং ঋণ আদায় সংক্রান্ত তথ্যের পূর্ণাঙ্গ নিরাপত্তা বিধান এবং প্রয়োজনীয় রিপোর্ট প্রদান সহজিকরণের উদ্দেশে বর্তমান প্রকল্পভুক্ত ২৫০০ গ্রামে কম্পিউটারাইজড সফ্টওয়্যার তথা লোন ম্যানেজমেন্ট সিষ্টেম (এলএমএস) ব্যবহার শুরু করেছে। উক্ত সফ্টওয়্যার এর মাধ্যমে কমিউনিটি গ্রাম পর্যায় হতে ইন্টারনেটের সহায়তায় গ্রামীণ সংগঠনের নির্বাচিত এবং প্রশিক্ষিত উপকারভোগী সদস্যরা (কমিউনিটি রিসোর্স-পার্সন) ডাটা এন্ট্রি করছেন। এই কার্যক্রমের আওতায় ইতোমধ্যে প্রকল্পভুক্ত ২৫০০ গ্রামে ল্যাপটপ ও মডেম প্রদান করা হয়েছে। | আইডিয়াটি কার্যকর ও চালু আছে। | চালুকৃত এলাকায় সুফলভোগীরা স্বল্প সময়ে ডাটা এন্ট্রি ও নিরাপত্তার নিশ্চয়তা পাচ্ছেন। | http://27.147.155.45/sdf_lms/auths/login | |

৩০।০৭।২০২৪
আবিল হাসান মোঃ মনির
উপ-মহাব্যবস্থাপক
টেকনিক্যাল অ্যান্ড এনভায়রণমেন্ট ও এএমটি
সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

৩০/৭/২০২৪
এম আই এম জুলফিকার
প্রকল্প সমন্বয়কারী (এসসিএমএফপি, কম্পো-৩)
সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন